

এমিরেটসের সঙ্গে ভিয়েতনাম এয়ারলাইন্স ও ভিয়েতজেটের চুক্তি

- A Monitor Desk Report

Date: 31 October, 2024



ঢাকাঃ ভিয়েতনামের ভিয়েতনাম এয়ারলাইন্স ও ভিয়েতজেটের সঙ্গে দুটি পৃথক সমঝোতা স্মারক করেছে এমিরেটস। এই চুক্তির মাধ্যমে দুবাই এবং ভিয়েতনামের হোচি মিন সিটি ও হ্যানয় ভ্রমণ আরও সহজ হচ্ছে। সম্প্রতি এ চুক্তি স্বাক্ষর করে এমিরেটস।

বুধবার (৩০ অক্টোবর) এক বিজ্ঞপ্তিতে এমিরেটস বাংলাদেশ জানায়, দুবাইয়ে অনুষ্ঠিত ভিয়েতনাম-ইউএই বিজনেস ফোরামের সাইডলাইনে এমওইউ গুলো স্বাক্ষরিত হয়। ভিয়েতনাম এয়ারলাইন্সের সঙ্গে স্বাক্ষরিত এমওইউতে উভয় এয়ারলাইন্সের মধ্যে বর্তমান সহযোগিতার ক্ষেত্র বিস্তৃত হবে। বর্তমান ইন্টারলাইন চুক্তিতে অন্তর্ভুক্ত রুটগুলোর সঙ্গে অতিরিক্ত নতুন রুট যুক্ত হবে। একইসঙ্গে উভয় এয়ারলাইন্স যাত্রীদের পারস্পরিক লয়্যালিটি সুবিধাগুলো প্রদানের সম্ভাবনা খতিয়ে দেখবে।

এমিরেটস জানায়, এমিরেটস ও ভিয়েতজেট স্বাক্ষরিত এমওইউতে ভিয়েতনাম এবং ইউএইর মধ্যে অধিক সংখ্যক যাত্রী চলাচল নিশ্চিত করতে যৌথ উদ্যোগ গ্রহণ করবে এবং উভয় এয়ারলাইন্সের মধ্যে বাণিজ্যিক সহযোগিতা বৃদ্ধি করা হবে। ভিয়েতজেটের সঙ্গে চুক্তির ফলে এমিরেটসের যাত্রীরা ভিয়েতনামের হ্যানয়, হো চি মিন সিটি ও দানাং হয়ে বিভিন্ন অভ্যন্তরীণ রুটে যেতে পারবেন। একইভাবে ভিয়েতনাম থেকে যাওয়া যাত্রীরা দুবাই থেকে এমিরেটসে করে বিভিন্ন গন্তব্যে যেতে পারবেন।

এমিরেটস বর্তমানে তাদের বোয়িং-৭৭৭ এয়ারক্রাফট দিয়ে প্রতিদিন ভিয়েতনামের হো চি মিন সিটি এবং হ্যানয়ে ফ্লাইট পরিচালনা করছে।

-B